



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**15 MAY 2024**

**7:35—7:40 AM IST**

=====

=====

দেশে পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে। পঞ্চম পর্যায়ে আগামী কুড়ি মে ৪৯টি আসনে ভোট গ্রহণ করা হবে। ২৫শে মে ষষ্ঠ পর্যায়ে ৫৭টি আসনে এবং আগামী পয়লা জুন সপ্তম পর্যায়ে আরো ৫৭ টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে।

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে মুম্বাইতে একটি রোড শোতে অংশগ্রহণ করবেন।

এদিকে বিজেপির প্রবীণ নেতা ও কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ গতকাল পশ্চিমবঙ্গের বনগাঁ লোকসভা আসনের জন্য নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন করছেন। কংগ্রেস দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে গতকাল উত্তর প্রদেশের বাঁশ গাঁওয়ে আয়োজিত নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন। কংগ্রেসের প্রিয়াঙ্কা গান্ধী গতকাল উত্তর প্রদেশের আমেথি'তে নির্বাচনী জনসভায় ভাষণ দেন। এছাড়া আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ওড়িশার ভুবনেশ্বরে একটি নির্বাচনী জনসভায় অংশ নেন।

---

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন অনুষ্ঠিত নির্বাচনের জন্য গতকাল বারাণসি আসন থেকে মনোনয়নপত্র দাখিল করেছেন । এই পর্যায়ের জন্য মনোনয়নপত্র দাখিল করার গতকাল শেষ দিন ছিল । মনোনয়ন দাখিলের সময় প্রধানমন্ত্রীর সঙ্গে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা , দলের প্রবীণ নেতা রাজনাথ সিং , কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী সহ মিত্রজোঁটের নেতারা উপস্থিত ছিলেন । এই আসনে কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধি মিত্রজোঁটের প্রার্থী অজয় রায় শ্রী মোদীর বিরুদ্ধে প্রতিদ্বন্দিতা করবেন ।

---

জাতীয় পরীক্ষণ সংস্থা- এন টি এ আজ থেকে আগামী ১৮ ই মে পর্যন্ত স্নাতক পর্যায়ের জন্য চলতি বছরের সংযুক্ত বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষা- সি ইউ ই টি (ইউ জি)র আয়োজন করছে । এন টি এ, দেশের বাইরের ২৬টি শহর সহ দেশের ৩৭৯ টি শহরে এই পরীক্ষার আয়োজন করেছে । পরীক্ষার্থীদের এডমিট কার্ড [cuets-ug@nta.ac.in](mailto:cuets-ug@nta.ac.in) এই ওয়েবসাইটে পাওয়া যাবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে । পরীক্ষার্থীরা তাদের আবেদন পত্রের নম্বর ও জন্মতারিখ ব্যবহার করে ওয়েবসাইট থেকে এডমিট কার্ড ডাউনলোড করতে পারবে । পরীক্ষা সংক্রান্ত সাম্প্রতিক তথ্যের জন্য পরীক্ষার্থীদের নিয়মিত সংস্থার ওয়েবসাইট [www.nta.ac.in](http://www.nta.ac.in) দেখার পরামর্শ দেওয়া হয়েছে ।

---

কাছাড় জেলায় বন্যা ব্যবস্থাপনা ঝুঁকি সম্পর্কে জেলা আয়ুক্ত কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জেলায় বন্যা ব্যবস্থাপনা ঝুঁকি সম্পর্কে টেলি কমিউনিকেশন বিভাগ , আসাম পুলিশ , নেপকো , কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর , কেন্দ্রীয় জল কমিশন এবং জল সম্পদ বিভাগের সংশ্লিষ্ট নোডাল আধিকারীকদের প্রয়োজনীয় নির্দেশ প্রদান করে । অতিরিক্ত জেলা আয়ুক্ত যুবরাজ বরঠাকুরের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় টোল ফ্রি পরিষেবা ১০৭৭ এর কার্যকারিতা , দুর্যোগ পরিস্থিতিতে স্যাটেলাইট ফোনের সহজ লভ্য সংযোগ সম্পর্কে আলোচনা করা হয় ।

---

১৯৬১'র ভাষা আন্দোলনের ৬৩ তম বার্ষিকী উপলক্ষে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতি একগুচ্ছ কার্যসূচী গ্রহণ করেছে। উনিশের আবাহনের প্রথম পর্বে আগামী ১৭ ই মে, শুক্রবার বেলা আড়াইটা থেকে বঙ্গভবন প্রাঙ্গণ সহ সামনের রাস্তায় উনিশের আত্মপনা ও মুক্তাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। দ্বিতীয় পর্বে আগামী ১৮ই মে, শনিবার বিকেল সাড়ে পাঁচটায় বরাক উপত্যকার বহমান ভাষা আন্দোলনের সেনানীদের সন্মাননা জ্ঞাপন করা হবে। উনিশের আবাহনের এবছরের সন্মাননা প্রাপকদের মধ্যে রয়েছেন- হাইলাকান্দীর সন্তোষ মজুমদার, শিলচরের চিত্রা দত্ত, বড়খলার মালতী নন্দী, শিলচরের অধ্যাপক কমলেন্দু ভট্টাচার্য, কাটিগড়ার নবেন্দু শেখর নাথ এবং করিমগঞ্জের দিলীপ কান্তি লস্কর। একইসঙ্গে আলোচনা সভারও আয়োজন করা হয়েছে। এতে আলোচক হিসেবে থাকছেন- নাট্যকার-চিত্র নির্মাতা-লেখক ও সংস্কৃতি কর্মী সুব্রত কাজীলাল এবং বাংলাদেশের টাঙ্গাইলের মেজর জেনারেল মাহমুদুল হাসান ডিগ্রি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ও ছায়ানীড়ের নির্বাহী পরিচালক লুৎফুর রহমান।

---

এদিকে ১৯শে মে ভাষা শহিদ দিবসের সকালে শিলচর রেল স্টেশন, শ্মশান ঘাট এবং বঙ্গভবন প্রাঙ্গণে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। পরে এদিন দুপুর দুটো থেকে গান্ধীবাগে শহিদ মিনার সংলগ্ন মুক্তমঞ্চে উনিশের কবিতা পাঠ, আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, চিত্রকলা প্রদর্শনী এবং কথামালা ব্যবস্থাপনায় থাকবে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি। সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে এই অনুষ্ঠানগুলিতে সবাইকে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে।

---

পালংঘাট ডুগরুবস্তীর শিবদুর্গা ক্লাবের উদ্যোগে আজ বেলা তিনটায় ক্লাব প্রাঙ্গণে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় মণিয়ারখালের চা বাগানের মডেল হাইস্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জানানো হবে। সংবর্ধনা অনুষ্ঠানে রাজ্যের প্রাক্তন মন্ত্রী গিরীন্দ্র মল্লিক সহ তমাল কান্তি বণিক প্রমুখ উপস্থিত থাকবেন।

---

করিমগঞ্জ শ্রীশ্রী রাধা মদনমোহন জিউ মন্দির কমিটির উদ্যোগে এবং শিলচর ই আর সি চক্ষু হাসপাতালের সহযোগিতায় আজ মদনমোহন জিউর মন্দির প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১১ টায় শুরু হবে।

---

**সমাপ্ত**